গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর
গুলফেশাঁ প্লাজা (৮ম-১০ম ও ১৩ তম তলা)
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, বড় মগবাজার, ঢাকা-১২১৭
www.vatintelligence.gov.bd

স্মারক নং : ২(৭)নি.গো.ত.অ./ইটি/নব নিয়োগ-৭৮৮/২০১৯/পার্ট-১/৯৮/২০২৫/৪৪৯৮ তারিখ: ০৯ /১১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়ঃ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকার ১১-২০ গ্রেডের নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ ও সময়সূচী।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকার ১১-২০ গ্রেডের নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ০৬-১১-২০২৬ তারিখ, রোজ-শুক্রবার নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ক্রম.	কেন্দ্রের নাম	পদের নাম	সময়সূচী
১.	ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ১/এ, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)	সকাল ১০:০০টা হতে ১১:৩০ টা
২.		সিপাই (গ্রেড-১৭)	
৩.	মগবাজার গালর্স হাই স্কুল এন্ড কলেজ, ৫২ সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকা	সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	
৪.		উচ্চমান সহকারী (গ্রেড-১৪)	
৫.		অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	
৬.		গাড়ীচালক (গ্রেড-১৬)	সকাল ১০:০০টা হতে ১১:০০ টা
৭.		ফটোকপি অপারেটর (গ্রেড-১৮)	

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী:

১) লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য এ প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না;

২) পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষার সময় শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। **কেন্দ্রে প্রবেশের গেইট সকাল ৮.০০ টায় খোলা হবে এবং ৯.৩০ টায় বন্ধ হবে।** পরীক্ষা শুরুর পর কোনো প্রার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। প্রার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে;

৩) আবেদনপত্রের ছবি/স্বাক্ষরের সাথে কোনো পরীক্ষার্থীর চেহারা/স্বাক্ষরের মিল না থাকলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না;

৪) সরবরাহকৃত উত্তরপত্র/খাতার মধ্যেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কোনো খাতা বা কাগজ সরবরাহ করা হবে না এবং ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সাথে অবশ্যই জমা দিতে হবে;

৫) **পরীক্ষার কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্রেডিট/ডেবিট কার্ড, ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, উত্তরপত্র/কাগজপত্র, নোট, ক্যালকুলেটর, ব্যাগ, মানিব্যাগ, পার্স ইত্যাদি নিয়ে প্রবেশ করা যাবে না। পরীক্ষা চলাকালে কোনো মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, উত্তরপত্র/কাগজপত্র, নোট, ক্যালকুলেটর, ব্যাগ, পার্স ইত্যাদি পাওয়া গেলে বা কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে**

৬) প্রার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে;

৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা-এর ওয়েবসাইট (http://www.vatintelligence.gov.bd) এর মাধ্যমে জানানো হবে;

৮) লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

৯) প্রার্থীকে অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে এবং পেন্সিল ব্যবহার নিষিদ্ধ;

১০) **সুষ্ঠু পরীক্ষা গ্রহণ নিশ্চিতকরণ এবং জালিয়াতি প্রতিরোধে পরীক্ষা গ্রহণ প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে ভিডিও বা স্থিরচিত্র ধারণ, ডিজিটাল প্রযুক্তি এবং A.I ব্যবহার করে অংশগ্রহণকারীর পরিচিতি যাচাই ও তদারকি করা হবে;**

১১) **অসদুপায় প্রতিরোধের জন্য উপস্থিত সকল প্রার্থীর আঙুলের ছাপ গ্রহণ করা হবে। শারীরিক, লিখিত ও ভাইভা পরীক্ষায় গৃহীত আঙুলের ছাপ মিলিয়ে সত্যতা প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে; এবং**

১২) কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

09.11.26

(মোহাম্মদ জাকারিয়া)
উপ-পরিচালক
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি
নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা
dgvataii@gmail.com